

অস্ট্রেলিয়ায় জনপ্রিয় হয়ে উঠছে স্লিপ ট্যুরিজম

- A Monitor Desk Report

Date: 24 September, 2024



ক্যানবেরা: ঘোরাঘুরির জন্য পাগলপারা অনেক মানুষের রয়েছে বিচিত্র রকম সমস্যা। নতুন নতুন জায়গার স্বাদ নিতে আনন্দ পান, কিন্তু নতুন পরিবেশ ও বিছানায় তারা ঘুমাতে পারেন না। ফাস্ট-নাইট ইফেক্ট নামে পরিচিত এ সমস্যার সমাধানে বিশেষভাবে কাজ করে যাচ্ছে অস্ট্রেলিয়ার হোটেলগুলো।

অঞ্চলটিতে দিনদিন জনপ্রিয় হয়ে উঠছে ‘স্লিপ ট্যুরিজম’-এর ধারণা। মূলত অতিথিদের ঘুমের মানোন্নয়নে বিশেষায়িত অভিজ্ঞতা দেয় স্লিপ ট্যুরিজম।

তাসমানিয়ার এমএসিকিউ ও ল্যাংহাম হোটেল অতিথিদের ঘুমের ওপর গুরুত্ব দিয়ে বিভিন্ন প্যাকেজ অফার করেছে। যেখানে রয়েছে ল্যান্ডসডারে সুবাসিত কক্ষ, ওয়েটেড ব্ল্যাঙ্কেট, হারবাল টি ও আরামদায়ক সংগীতের মতো সুযোগ-সুবিধা।

এমএসিকিউর একটি প্রোগ্রাম হলো পে বাই স্লিপ। এ প্রোগ্রাম অনুযায়ী, অতিথিরা নির্দিষ্ট সময়ের বেশি ঘুমাতে পারলে ছাড় পাবেন। যারা দুই রাতের জন্য হোটেল বুক করবেন, তারা ৬ ঘণ্টার পর অতিরিক্ত ১ ঘণ্টা ঘুমের জন্য ছাড় পাবেন ৬৮ ডলার। এমনকি ৯ ঘণ্টার ঘুমে পেতে পারেন এক রাতের বিলে ছাড়।

একইভাবে ল্যাংহামের প্রোগ্রামে স্পা ড্রিটমেন্ট, স্লিপ এক্সপার্টদের সঙ্গে পরামর্শ ও মানসিক চাপ কমানোর জন্য ঐতিহ্যবাহী চীনা পদ্ধতিতে কানের প্রেসার পয়েন্ট ম্যাসাজ অন্তর্ভুক্ত।

বর্তমানে স্লিপ ট্যুরিজম শিল্পের বৈশ্বিক বাজারমূল্য ৭ হাজার কোটি ডলার। অনেক বিশেষজ্ঞ এ ধরনের প্রোগ্রামের কার্যকারিতা নিয়ে সন্দিহান। আবার অন্যরা এ ব্যবস্থার আরামদায়ক অভিজ্ঞতার প্রশংসা করছেন এবং বলছেন, হোটেলের অতিথিরা বাড়িতেও এসব অনুশীলন প্রয়োগ করে ভালো ঘুম পেতে পারেন।

